



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০২

তারিখ: ১৭/১২/২০২৪

## ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/ইঞ্জি:) ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

২০২১ অথবা ২০২২ সালে অনুষ্ঠিত এস.এস.সি (সাধারণ ও কারিগরি)/দাখিল বা সম্মান এবং ২০২৩ অথবা ২০২৪ সালে অনুষ্ঠিত এইচ.এস.সি (সাধারণ ও কারিগরি)/আলিম/ডিপ্লোমা-ইন-কমার্স/সম্মান পরীক্ষাতে উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যাদের ফলাফল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এ বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করে কেবল তারাই ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/ইঞ্জি:) ১ম বর্ষ ১ম সেমিস্টার এ ভর্তির জন্য আবেদন করতে পারবে। এছাড়া ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ২০১৯ অথবা ২০২০ সালে অনুষ্ঠিত এস.এস.সি বা সম্মান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তি পরীক্ষা ইউনিট ভিত্তিক অনুষ্ঠিত হবে। A Unit এর ভর্তি পরীক্ষায় শুধুমাত্র বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীরা এবং B Unit এর পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করতে পারবে।

আগামী ০৫ জানুয়ারী ২০২৫ থেকে ২৫ জানুয়ারী ২০২৫ তারিখ পর্যন্ত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট [admission.sust.edu.bd](http://admission.sust.edu.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। আবেদনকারী অনলাইনে আবেদন পূরণকালীন সময়ে ফি কনফার্মের পরে পরীক্ষায় অংশগ্রহণের জন্য Admit Card ডাউনলোড করতে পারবে। আবেদন করার নিয়ম, বিস্তারিত তথ্য, আবেদন ফি এবং জমা দেয়ার পদ্ধতি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [admission.sust.edu.bd](http://admission.sust.edu.bd) এ ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচী নিম্নরূপ:

Unit	তারিখ	বার	সময়
B (বিজ্ঞান + মানবিক+ বাণিজ্য)	২৮/০২/২০২৫	শুক্রবার	১০:৩০- ১২:০০ (সকাল)
A (বিজ্ঞান)	২৮/০২/২০২৫	শুক্রবার	৩:০০- ৪:৩০ (বিকাল)

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ফি নিম্নরূপ:

Unit	পরীক্ষার ফি
A	A1 (বিজ্ঞান) ১২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা
	A2 (বিজ্ঞান+ আর্কিটেকচার) ১৪০০/- (এক হাজার চারশত) টাকা
B (বিজ্ঞান+ মানবিক+বাণিজ্য)	১২০০/- (এক হাজার দুইশত) টাকা।

বিঃ দ্রঃ বিশেষ প্রয়োজনে ভর্তি কমিটি যে কোন তথ্য পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করতে পারে।

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)